

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০৫

ফেব্রুয়ারি ২৩, ২০১৫
তারিখ :-----
ফাল্গুন ১১, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ পুনঃতফসিলিকরণ নীতিমালা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে সেপ্টেম্বর ২৩, ২০১২ তারিখের [বিআরপিডি সার্কুলার নং-১৫](#) এবং মে ২৯, ২০১৩ তারিখের [বিআরপিডি সার্কুলার নং-০৬](#) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক অগ্রগতি ও স্থিতিশীলতায় কৃষি খাতের অপরিসীম গুরুত্ব বিবেচনায়, কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারের কৃষি বাস্কব নীতি বাস্তবায়নে এবং কৃষি ঋণ আদায়কল্পে এরূপ ঋণ পুনঃতফসিলিকরণে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

১. স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ডাউন পেমেন্ট গ্রহণের শর্ত শিথিল করা যাবে। ক্ষেত্র বিশেষে বিনা ডাউন পেমেন্টেও এ ঋণ পুনঃতফসিল করা যাবে।
২. ঋণ পুনঃতফসিলের পর কৃষকদেরকে পুনরায় নতুন করে স্বল্প মেয়াদী কৃষি ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে কোন নতুন জমা ব্যতিরেকেই পুনঃতফসিল পরবর্তী নতুন ঋণ সুবিধা প্রদান করা যাবে।
৩. সার্টিফিকেট মামলা দায়েরকৃত থাকলে মামলা চলাকালীন সময়ে গ্রাহকের সাথে সমঝোতা (সোলেনামা) এর মাধ্যমে সার্টিফিকেট মামলা উত্তোলন/নিষ্পত্তিপূর্বক ঋণ পুনঃতফসিল করা যাবে।

বর্ণিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-১৫/২০১২ ও ০৬/২০১৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে এবং উক্তরূপ সুবিধা ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত বলবৎ থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০২৫২